



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

১৬ ডিসেম্বর, ২০২২

মহান বিজয় দিবসে বাউবির শ্রদ্ধা নিবেদন



মহান বিজয় দিবস উপলক্ষে মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এর নেতৃত্বে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন।



মহান বিজয় দিবস উপলক্ষে মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এর নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন।

মহান বিজয় দিবস-২০২২ উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এর নেতৃত্বে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলমসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ, বাউবি শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম ও বাউবি ডিরেক্টর কাউন্সিল। এছাড়াও ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এর আগে মাননীয় উপাচার্যের নেতৃত্বে সূর্যোদয়ের সাথে সাথে গাজীপুর ক্যাম্পাসে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন ও 'স্বাধীনতা চিরন্তন' স্মারক ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

যোহরের নামাজের পর বিশ্ববিদ্যালয় মসজিদে শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। দেশজুড়ে বিস্তৃত বাউবির ১২ টি আঞ্চলিক কেন্দ্র ও আওতাধীন উপ-আঞ্চলিক কেন্দ্র সমূহেও বিজয় দিবসের কর্মসূচি পালন করা হয়।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)